

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স -২৩৬(আগরতলা, ১৭।৪)  
সোনামুড়া, ১৭ এপ্রিল ২০১৮

এম জি এন রেগায় মোহনভোগ  
ব্লকে উন্নয়ন কর্মসূচি রূপায়িত

যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সম্প্রতি মোহনভোগ ব্লক এলাকায় এম জি এন রেগায় বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি রূপায়িত হয়েছে। এই প্রকল্পে দশরথবাড়ী এডিসি ভিলেজে ঝড়ঝড়িয়া জে বি স্কুল থেকে চন্দুল রাস্তা পর্যন্ত একটি নতুন কাঁচা রাস্তা নির্মাণ করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ৫ লক্ষ ২৮ হাজার ৮৩৮ টাকা। উত্তর তৈবান্দাল ভিলেজে আলকাস মিয়াব বাড়ির পাশে রাস্তার ভাঙ্গণ রোধে একটি রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। তাতে মোট ব্যয় হয়েছে ১১ লক্ষ ৯ হাজার ২০৯ টাকা। পূর্ব চন্ডীগড় পঞ্চায়েতে রামকৃষ্ণ শিশুতীর্থ বিদ্যালয়ের রাস্তায় একটি আর সি সি বক্স কালভার্ট নির্মাণ করা হয়েছে। তাতে ব্যয় হয়েছে ২ লক্ষ ৯৭ হাজার ৩৫৬ টাকা। এছাড়া কামরাজাতলী পঞ্চায়েতে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে একটি স্পান পাইপ কালভার্ট নির্মাণ করা হয়েছে। তাতে ব্যয় হয়েছে ১ লক্ষ ৫ হাজার ৯৮১ টাকা। মোহনভোগ ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*